গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

২০২০ সালে অনুষ্ঠিতব্য ডিগ্রী (পাস) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের তালিকাভূক্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ১৬/০২/২০২০

১। বাংলাদেশে বসবাসকারী যে সকল প্রার্থী ২০১৮ সালে বা তৎপূর্বে স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ জিপিএ ২.০০/সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর এবং তৎসংশ্লিষ্ট এসএসসি ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০/সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪০% নম্বর প্রাপ্ত পেয়ে উত্তীর্ণ হয়েছে অথবা **O-Level** পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮ সাল বা তৎপূর্বে **A-Level** পরীক্ষায় একটি বিষযে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে। তাছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র । এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা উল্লিখিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

২। যে সকল প্রার্থী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে ২০১৫ সাল বা তৎপূর্বে আলিম পরীক্ষায় পাস করেছে সে সকল প্রার্থী রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। তবে ১৯৮৮ সালের পূর্বে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবদেন করতে পারবে না।

৪। স্নাতক ডিগ্রীধারী যে কোন ছাত্র-ছাত্রী {যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সকল বিষয় ছাড়া} নিম্নবর্ণিত (৬পত্র বিশিষ্ট) যে কোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিষ্ট্রেশনের আবেদন করতে পারবে।

বিষয় সমূহ ঃ বাংলা, ইংরেজি, আরবী, সংস্কৃত, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং পালি।

৫। ডিগ্রী (পাস) অথবা সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রত্যেক প্রার্থীকে রেজিষ্ট্রেশন ফি এবং তালিকাভুক্তি ফি, ইনকোর্স পরীক্ষার ফি এবং ব্যবস্থাপনা ফি বাবদ **৯৮৫/- (নয়শত পঁচাশি)** টাকা জমা দিয়ে **আগামী ১৯.০২.২০২০ থেকে ২৩.০২.২০২০ তারিখ পর্যন্ত** (সরকারি ছুটির দিন ব্যতীত) **সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টা** পর্যন্ত রেজিষ্ট্রেশনের জন্য আবেদন ফরম অনলাইন থেকে সংগ্রহ পূর্বক কলেজ ক্যাশ শাখা হতে ফি জমাদানের রশিদ সংগ্রহ করে পূবালী ব্যাংকে ফি জমা দিতে হবে। তবে ফি জমাদানের রশিদের ফটোকপি আবেদন ফরম ও সংশ্লিষ্ট কাগজপত্রের সাথে কমিটির নিকট জমা দিতে হবে।

৬। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে প্রাইভেট পরীক্ষার্থীগণও সে পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে।

৭। আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে :

ক. মাধ্যমিক / সমমান এবং উচ্চ মাধ্যমিক / সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও মূল নম্বরফর্দের সত্যায়িত ফটোকপি;

খ. সামরিক বাহিনী / পুলিশ / বিজিবি / আনসার বাহিনীতে চাকুরিরত প্রার্থীগণকে তাদের চাকুরি দু-বছর পূর্ণ হয়েছে মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে এবং পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

৮। ডিগ্রী (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের নিম্নের তালিকা হতে বিষয় নির্বাচন করতে হবে এবং উক্ত বিষয় ফরমের উপরে লিখতে হবে।

ক। বি.এ. (পাস)

১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজি এবং স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

২। নৈর্বাচনিক বিষয় : নিম্নের যে কোন গুচ্ছ থেকে **একটি** করে মোট তিন বিষয় নিতে হবে।

ক। সংস্কৃত / আরবি / পালি
খ। ইতিহাস / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
গ। ইসলামী শিক্ষা/দর্শন
ঘ। অর্থনীতি / সমাজবিজ্ঞান / রাষ্ট্রবিজ্ঞান

খ। বি.এস.এস. (পাস)

১। । আব্যশিক বিষয় : বাংলা, ইংরেজি এবং স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস

২। নৈর্বাচনিক বিষয় : নিম্নের 'ক' গুচ্ছ থেকে **দু'টি** এবং অন্যান্য গুচ্ছসমূহ থেকে যে কোন একটি (ক ২টি + অন্যান্য ১টি)

ক। অর্থনীতি / রাষ্ট্রবিজ্ঞান / সমাজবিজ্ঞান
খ। ইতিহাস / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি / ইসলামী শিক্ষা
গ। সংস্কৃত / আরবী / পালি
ঘ। দর্শন

ফরম প্রাপ্তি : জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট **nu.edu.bd/admissions**

গ। সার্টিফিকেট কোর্স : আরবি, দর্শন, ইসলামি শিক্ষা, অর্থনীতি, রাষ্টবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং পালি

ফরম জমা দেয়ার স্থান : ছাত্র মিলনায়তন এর নীচ তলা

১৭/২/২০২০

(প্রফেসর মোহাম্মদ মুজিবুল হক চৌধুরী)
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম